ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক সংবাদপত্র



নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে



Digital Media Act No. : DM /34/2021 ● Prgi Application Process No. : T/WB/2024/0617/6991/1130 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : https://epaper.newssaradin.live/

● বর্ষ ঃ ৫ ● সংখ্যা ঃ ১১৪ ● কলকাতা ● ১৪ বৈশাখ, ১৪৩২ ● সোমবার ● ২৮ এপ্রিল ২০২৫ ● পৃষ্ঠা - ৮ ● মূল্য - ৫ টাকা

# " সংকটের সময় দেশকে ঐক্যবদ্ধ থাকতে হবে " --- প্রধানমন্ত্রী



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

রবিবার ১২১ তম মন কি বাত অনুষ্ঠানে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি জানিয়েছেন এই সংকটের সময় দেশকে ঐক্যবদ্ধ থাকতে হবে।

গত মঙ্গলবার জম্মু ও কাশ্মীরের পেহেলগাঁওয়ে জঙ্গি হামলার কড়া নিন্দা করে বলেছেন " কাশ্মীরে শান্তি ফিরে আসছিল। গণতন্ত্র শক্তিশালী হচ্ছিল। স্কুল

এরপর ৩ পৃষ্ঠায়

# 'পাক অধিকৃত কাশ্মীর পুনর্দখল করা হোক।' - অভিষেক



**বেবি চক্রবর্ত্তী: কলকাতা**

কিছুটা নীরবতার পড়ে এবার তৃণমূল নেতা অভিষেক বন্দ্যোপাধ্যায় আবার সরব হয়েছেন কাশ্মীর কান্ড নিয়ে। রবিবার এক্স হ্যান্ডেলে অভিষেক লিখেছেন, 'গত কিছুদিন ধরে আমি একাধিক বৈদ্যুতিন সংবাদমাধ্যম ও কেন্দ্রের পদক্ষেপের দিকে নজর রাখছিলাম। পহেলগাঁওয়ে জঙ্গি হামলার নেপথ্যের নিরাপত্তায় গাফিলতি নিয়ে সঠিক তদন্তের বদলে একটি ন্যারেটিভ ছড়িয়ে দেওয়া হচ্ছে। যা একটি বিশেষ রাজনৈতিক দলকে সাহায্য করছে।' তিনি তার প্রতিবাদ করে বলেন, বিষয়টা ভারত মাতাকে রক্ষা করার প্রশ্ন।

পহেলগাঁও আবহে পাকিস্তানকে উচিত শিক্ষা দিতে আর সার্জিক্যাল স্ট্রাইক নয়! এবার সরাসরি পাক অধিকৃত কাশ্মীর দখলের ডাক দিলেন তৃণমূলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়। এক্স হ্যান্ডেলে রবিবারের পোস্টে বিঁধেছেন কেন্দ্রকেও। সোশাল মিডিয়ায় তৃণমূল সাংসদ লিখেছেন, 'এটা আর শুধু সার্জিক্যাল স্ট্রাইক বা প্রতীকী পদক্ষেপের সময় নয়। ওরা যে ভাষা বোঝে, এটা সেই ভাষায় জবাব দেওয়ার সময়। পাক অধিকৃত কাশ্মীর পুনর্দখল করা হোক।






# আইডিএফসি ফার্স্ট ব্যাংকের বোর্ড ৭,৫০০ কোটি টাকার ফান্ডরেসিংয়ের অনুমোদন দিয়েছে

**মুম্বাই, এপ্রিল, 2025:**

আইডিএফসি ফার্স্ট ব্যাংকের পরিচালনা পর্ষদ আজ অনুষ্ঠিত তাদের মীটিংয়ে বিশ্বব্যাপী প্রবৃদ্ধি বিনিয়োগকারী ওয়ারবার্গ পিনকাস এলএলসির একটি অনুমোদিত কোম্পানি কারেন্ট সি ইনভেস্টমেন্টস বি.ভি.-কে প্রায় ₹4,876 কোটি মূল্যের ইক্যুইটি মূলধন (সিসিপিএস) এবং আবুধাবি বিনিয়োগ কর্তৃপক্ষের (এডিআইএ) সম্পূর্ণ মালিকানাধীন সহায়ক সংস্থা প্ল্যাটিনাম ইনভিক্টাস বি 2025 আরএসসি লিমিটেডকে প্রায় ₹2,624 কোটি মূল্যের ইক্যুইটি মূলধন (সিসিপিএস) অনুমোদন করেছে, যা এর বেসরকারি ইক্যুইটি বিভাগ দ্বারা পরিচালিত। প্রস্তাবিত ইস্যুগুলি শেয়ারহোল্ডার এবং নিয়ন্ত্রক অনুমোদনের সাপেক্ষে।

গত ছয় বছরে, আইডিএফসি ফার্স্ট ব্যাংক একটি অবকাঠামো-কেন্দ্রিক ডিএফআই হিসেবে তার ঐতিহ্য থেকে একটি আধুনিক, প্রযুক্তি-চালিত, ইউনিভার্সাল ব্যাংকে পরিণত হয়েছে। এই প্রক্রিয়ায়, এটি ভারতের একটি শীর্ষস্থানীয় প্রাইভেট সেক্টর ব্যাংক হয়ে ওঠার জন্য বিতরণ, প্রযুক্তি এবং প্রতিভার ক্ষেত্রে উল্লেখযোগ্য বিনিয়োগ করেছে।

এই সময়ের মধ্যে, আমানত 6 গুণ বৃদ্ধি পেয়েছে, ঋণ এবং অগ্রিম দ্বিগুণ হয়েছে এবং CASA অনুপাত উল্লেখযোগ্যভাবে 8.7% থেকে 47.7% এ উন্নীত হয়েছে। পাট আর্থিক বছর 2019 সালে ₹1,944 কোটি লোকসান থেকে আর্থিক বছর 2024 সালে ₹2.957 কোটি মুনাফায় উন্নীত হয়েছে। তবে, ক্ষুদ্রঋণে ইন্ডাস্ট্রি-ব্যাপী চ্যালেঞ্জের কারণে আর্থিক বছর 2025-এর 9 মাসে মুনাফা হ্রাস পেয়েছে, যা ব্যাংকটি ভালোভাবে মোকাবেলা করেছে। এই তহবিল সংগ্রহের মাধ্যমে, সামগ্রিক মূলধন পর্যাপ্ততা 16.1% থেকে 18.9% এ বৃদ্ধি পাবে (সিইটি -১ অনুপাত ~16.5%, 31 ডিসেম্বর, 2024 তারিখে ব্যাংকের মূলধন অবস্থানের উপর গণনা করা হয়েছে), যা ব্যাংকের ব্যালেন্স শিটকে শক্তিশালী করবে এবং এটিকে শক্তিশালী এবং স্বনির্ভর লাভজনক প্রবৃদ্ধির জন্য স্থাপন করবে।

আইডিএফসি ফার্স্ট ব্যাংকের ম্যানেজিং ডিরেক্টর ও সিইও কর্মকর্তা শ্রী ভি বৈদ্যনাথন বলেন, "প্রথম দিন থেকেই আমরা ভারতে একটি বিশ্বমানের ব্যাংক গড়ে তোলার দীর্ঘমেয়াদী লক্ষ্য নিয়ে ব্যাংকের ভিত্তি তৈরি করেছি। আমরা গ্রাহকদের প্রতি সহানুভূতির সংস্কৃতি গড়ে তুলছি এবং সর্বোচ্চ স্তরের গ্রাহক পরিষেবা প্রদানের জন্য প্রচেষ্টা চালিয়ে যাচ্ছি। আমরা প্রযুক্তিগতভাবে উন্নত এবং অত্যাধুনিক পরিষেবা প্রদান অব্যাহত রাখছি।

ব্যাংকটি দৃঢ়ভাবে লাভের দিকে এগিয়ে চলেছে এবং এখন একটি গুরুত্বপূর্ণ পর্যায়ে রয়েছে, যেখানে আমাদের আয় বৃদ্ধি ধারাবাহিকভাবে ওপেক্স প্রবৃদ্ধিকে ছাড়িয়ে যাবে বলে আশা করা হচ্ছে, যার ফলে অপারেটিং লিভারেজ উন্নত হবে। আমরা আশা করি বিনিয়োগের পর্যায়ে থাকা অনেক ব্যবসা স্কেল সহ লাভজনক হয়ে উঠবে।

ওয়ারবার্গ পিনকাসকে ফিরে পাওয়া এবং এডিআইএ-এর সম্পূর্ণ মালিকানাধীন একটি সাবসিডিয়ারিকে আমাদের শেয়ারহোল্ডার হিসেবে স্বাগত জানানো আমাদের জন্য খুবই আনন্দের। আমাদের এবং আমাদের ভবিষ্যৎ প্রবৃদ্ধির পরিকল্পনার উপর বিশ্বাস রাখার জন্য এবং অস্থির বৈশ্বিক পরিস্থিতিতেও আমাদের উপর বিনিয়োগ করার জন্য আমরা তাদের ধন্যবাদ জানাই। আমরা বিশ্বাস করি যে গ্রাহকদের দ্বারা প্রিয় এবং শক্তিশালী ইউনিট অর্থনীতি দ্বারা সমর্থিত একটি শক্তিশালী, সম্মানিত ফ্র্যাঞ্চাইজি তৈরি করেই আমরা আমাদের স্টেকহোল্ডারদের দীর্ঘমেয়াদী রিটার্ন প্রদান করব।"

# জয়নগরে উদ্ধার চার নাবালিকা!

**নুরসেলিম লস্কর, জয়নগর**




২৭ এপ্রিল ভোর ৪টা নাগাদ জয়নগর থানার এএসআই আজাহারউদ্দিন শেখ ও তার দল টহলদারির সময় রাস্তায় উদ্দেশ্যহীনভাবে ঘুরে বেড়ানো চারজন নাবালিকা মেয়েকে দেখতে পান। সন্দেহজনক মনে হওয়ায় পুলিশ তাদের নাম-পরিচয় জানতে চায় এবং এখানে থাকার কারণ সম্পর্কে জিজ্ঞাসাবাদ করে।

জিজ্ঞাসাবাদের সময় তারা নিজেদের পরিচয় দেয় এবং জানায় যে তারা ডালুয়াখাকি বালিকা মাদ্রাসা থেকে পালিয়ে এসেছে। বিষয়টি গুরুতর বিবেচনা করে পুলিশ দ্রুত পদক্ষেপ গ্রহণ করে এবং চার নাবালিকাকে থানায় নিয়ে আসে। সমস্ত নিয়ম মেনে তাদের থানার শিশুবান্ধব কর্নারে রাখা হয়, যাতে তাদের নিরাপত্তা এবং স্বাচ্ছন্দ্য নিশ্চিত করা যায়। পুলিশ পরে তাদের অভিভাবক এবং সংশ্লিষ্ট মাদ্রাসার শিক্ষকদের খবর দেয়। অভিভাবকরা থানায় এসে উপস্থিত হন এবং প্রয়োজনীয় কাগজপত্র যাচাই-বাছাই করা হয়। যাচাই প্রক্রিয়া শেষে, পুলিশ আইন অনুযায়ী নাবালিকা মেয়েদের তাদের বাবা-মায়ের হাতে প্রদান করে।

জয়নগর থানার এই দ্রুত পদক্ষেপ ও মানবিক আচরণ প্রসংশনীয়। পুলিশ কর্তৃপক্ষ নিশ্চিত করে যে, শিশুদের অধিকার রক্ষার সমস্ত প্রক্রিয়া মেনে চলা হয়েছে। এই ঘটনাটি প্রমাণ করে, টহলদারির সময় পুলিশের সতর্ক দৃষ্টি এবং মানবিক দায়িত্ববোধ সমাজে শিশুদের নিরাপত্তা নিশ্চিত করতে কতটা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।






# পাকিস্তান ভুলে গিয়েছিল 'ভাঁড়ে মা ভবানী' দশা, ভারত দরজা বন্ধ করতেই হাহাকার, ঠুকছে মাথা!

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**



ভারতের সঙ্গে পাঙ্গা নেওয়ার ফল হাড়ে হাড়ে টের পাচ্ছে পাকিস্তান। একদিকে বন্ধ হয়েছে সিন্ধুর জল, অন্যদিকে বাণিজ্যের দরজাও বন্ধ। আর বাণিজ্য বন্ধ হতেই মাথায় হাত পাকিস্তানের। বাকি সবকিছুর চিন্তা পরে, জরুরি ওষুধ কীভাবে মিলবে, তা নিয়েই চিন্তায় ঘুম উড়েছে পাকিস্তানের। জরুরিকালীন প্রস্তুতি নিচ্ছে তারা ওষুধ ও ফার্মাসিউটিক্যাল পণ্য জোগাড় করতে।বর্তমানে পাকিস্তান ফার্মাসিউটিক্যাল পণ্যের কাঁচামালের ৩০-৪০ শতাংশ ভারত থেকে আমদানি করে। এখন বাণিজ্য বন্ধ হওয়ায় পাকিস্তান সেই ঘাটতি পূরণ করবে কী করে, তা নিয়ে চিন্তায় বেসামাল। মূলত অ্যান্টি-র‍্যাবিস ভ্যাকসিন, অ্যান্টি-স্নেক ভেনম, ক্যানসার থেরাপি, মোনোক্লোনাল অ্যান্টিবডি সহ একাধিক জটিল রোগের চিকিৎসায় ব্যবহৃত ওষুধের খোঁজ করছে পাকিস্তান।

জানা গিয়েছে, চিন, রাশিয়া ও একাধিক ইউরোপের দেশ থেকে ওষুধের কাঁচামাল আমদানির কথা ভাবছে পাকিস্তান। কিন্তু এতে খরচ পড়বে বিপুল। এ দিকে তো দেশের অবস্থা ভাঁড়ে মা ভবানী! চিন্তা রয়েছে কালোবাজারি নিয়েও। আফগানিস্তান, ইরান, দুবাই হয়ে বহু বিনা রেজিস্টার্ড ও অ্যাপ্রুভাল-হীন ওষুধ পাকিস্তানে ঢুকে পড়ে। ওষুধ সঙ্কটের মাঝে এই জাল ওষুধ ছড়িয়ে পড়লে ভয়ঙ্কর কিছু ঘটতে পারে।পহেলগাঁওয়ের জঙ্গি হামলার জবাবে ভারত সিন্ধু জল চুক্তি স্থগিত করতেই, পাল্টা চাপ তৈরি করতে পাকিস্তান বাণিজ্য বন্ধ করার ঘোষণা করেছে। কিন্তু তাতে চাপে পড়েছে পাকিস্তান নিজেই। পাকিস্তানি সংবাদমাধ্যম জিও নিউজের রিপোর্ট অনুযায়ী, ভারতের সঙ্গে বাণিজ্য বন্ধ করতেই ওষুধ সঙ্কটের আশঙ্কা তৈরি হয়েছে। পাকিস্তানে কার্যত হুড়োহুড়ি পড়ে গিয়েছে ফার্মাসিউটিক্যাল পণ্য জোগাড়ে। ড্রাগ রেগুলেটরি অথারিটি অব পাকিস্তানের তরফেও জানানো হয়েছে, ইমার্জেন্সি প্ল্যান তৈরি করা হয়েছে। এর আগে ২০১৯ সালেও এমন ভয়ঙ্কর সঙ্কটের মুখে পড়তে হয়েছিল পাকিস্তানকে। সেই ঘটনা মাথায় রেখেই আগে থেকে প্রস্তুতি নেওয়া হচ্ছে। ভারতের বিকল্প খোঁজা হচ্ছে।

## কেন্দ্রীয় বস্ত্রমন্ত্রী শ্রী গিরিরাজ সিং আজ কলকাতার জুট হাউসে সংস্কারকৃত নতুন হলের উদ্বোধন করলেন




**কলকাতা,এপ্রিল ২৬,২০২৫**

কেন্দ্রীয় বস্ত্রমন্ত্রী শ্রী গিরিরাজ সিং আজ কলকাতায় জুট হাউসের সংস্কারকৃত নতুন হলের উদ্বোধন করলেন। শহরে জুট হাউসের এই ১৭০ বছরের পুরোনো ঐতিহ্যবাহী ভবনটি সংস্কার করা হয়েছে। ফলে ভারতের পাট শিল্পের সঙ্গে যুক্ত ঐতিহ্যবাহী পরিকাঠামোকে পুনরুজ্জীবিত করার ক্ষেত্রে এটি একটি তাৎপর্যপূর্ণপূর্ণ পদক্ষেপ হিসাবে চিহ্নিত হল।

শ্রী সিং তাঁর ভাষণে বলেন, জেবিএ হলের উদ্বোধনী অনুষ্ঠানে মুখ্য অতিথি হিসেবে উপস্থিত থাকতে পেরে তিনি খুবই আনন্দিত। জেবিএ-র চেয়ারম্যান শ্রী মদন গোপাল তোশনিওয়াল কেন্দ্রীয় মন্ত্রীকে সম্মানিত করেন।

উদ্বোধনী অনুষ্ঠানে কেন্দ্রীয় বস্ত্রমন্ত্রী জেবিএ-র সদস্যদের সঙ্গে মতবিনিময় করেন এবং তাঁরা পাটশিল্পের বিভিন্ন জটিলতা সম্পর্কে তাঁকে অবহিত করেন। মূলত কাঁচা পাটের ফসলের উৎপাদন কমে যাওয়া, বাংলাদেশ থেকে অনিয়ন্ত্রিত কাঁচা পাট আমদানি, গুণমানসম্মত কাঁচা পাটের গ্রেডিং না থাকা-সহ পাট শিল্পের সঙ্গে জড়িত সব বিষয়

এরপর ৪ পাতায়

(১ম পাতার পর)

# " সংকটের সময় দেশকে ঐক্যবদ্ধ থাকতে হবে "--- প্রধানমন্ত্রী

কলেজের সংখ্যা এবং পর্যটন বৃদ্ধি পাচ্ছিল। কিন্তু শত্রুদের এটি পছন্দ হয়নি। সন্ত্রাসবাদীরা আরো কাশ্মীরকে ধ্বংস করতে চায়"। প্রধানমন্ত্রী এদিন নিহতদের পরিবারগুলিকে আশ্বস্ত করে জানিয়েছেন এই হামলার নেপথ্যে যারা রয়েছে তাদের কঠোরতম শাস্তি হবে এবং নিহতের পরিবাররা ন্যায় বিচার পাবেন"।

এই ঘটনার পর একাধিক দেশের রাষ্ট্র নেতারাও ভারতের পাশে এসে দাঁড়িয়েছেন বলে জানিয়েছেন প্রধানমন্ত্রী। তিনি বলেন " বিভিন্ন দেশের প্রধানমন্ত্রী আমাকে ফোন করেছেন চিঠি লিখেছেন বার্তা পাঠিয়েছেন। সকলেই এই জঘন্য সন্ত্রাসী হামলা তীব্র নিন্দা করেছেন। সন্ত্রাসবাদের বিরুদ্ধে লড়াইয়ে গোটা বিশ্ব আমাদের পাশে রয়েছে"। প্রধানমন্ত্রী এও বলেন যে সন্ত্রাসের বিরুদ্ধে লড়াইয়ে ১৪০ কোটি ভারতবাসীর ঐক্যই সবচেয়ে বড় শক্তি। মন কি বাত অনুষ্ঠানে প্রধানমন্ত্রী আজ এও জানিয়েছেন যে ভারত ইতিমধ্যেই পাকিস্তানের বিরুদ্ধে একাধিক পদক্ষেপ নিয়েছে।

বিহারের মধুবনীতে বৃহস্পতিবার প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি একটি সরকারি সভায় স্পষ্ট ভাষায় হুঁশিয়ারি দিয়ে বলেছিলেন " বিশ্বের যে প্রান্তেই লুকিয়ে থাক জঙ্গিরা তাদের খুঁজে বের করে মারবে ভারত। যারা সন্ত্রাসীদের আশ্রয় দিচ্ছে বা আড়াল থেকে মদদ দিচ্ছে তারাও ছাড় পাবে না। ওদের যেটুকু জমি বাকি আছে সেটুকুও গুঁড়িয়ে দেওয়া হবে"। প্রধানমন্ত্রী এদিন মন কি বাত অনুষ্ঠানে স্পষ্টভাবে জানিয়ে দিয়েছেন আগামী দিনে আরো বড়সড় কোন পদক্ষেপ করতে চলেছে সরকার।

# সম্পাদকীয়

## আকাশসীমা সংক্রান্ত বিধি-নিষেধের মধ্যে যাত্রী স্বাচ্ছন্দ্য, সুরক্ষা ও বিধিনিয়ম মেনে চলতে সরকার বিমান সংস্থাগুলিকে নির্দেশ দিয়েছে

সম্প্রতি আন্তর্জাতিক আকাশসীমা বন্ধ এবং আকাশসীমা ব্যবহারের ওপর বিধি-নিষেধ আরোপের প্রেক্ষিতে বেশ কিছু উড়ানের যাত্রাপথের উল্লেখযোগ্য পরিবর্তন ঘটেছে। এর ফলে, উড়ানের সময় বেড়েছে এবং কারিগরি কারণে বিরতি নেওয়ার সম্ভাবনাও বৃদ্ধি পেয়েছে। যাত্রী স্বাচ্ছন্দ্য, সুরক্ষা ও বিধিনিয়ম মেনে চলা সুনিশ্চিত করতে অসামরিক বিমান চলাচল নির্দেশনালয় সব বিমান সংস্থাকে অবিলম্বে যাত্রী পরিচালনার ব্যবস্থা উন্নত করার নির্দেশ দিয়েছে।

প্রধান পদক্ষেপগুলির মধ্যে রয়েছে :

(১) স্বচ্ছ যোগাযোগ : যাত্রীদের অবশ্যই যাত্রাপথের পরিবর্তন, কতটা বেশি সময় লাগবে এবং যাত্রাপথে কোথাও থামতে হবে কিনা তা স্পষ্ট করে জানাতে হবে। চেকিং ও বোর্ডিং-এর সময় ডিজিটাল সতর্কতার মাধ্যমে এই বার্তা দিতে হবে।

(২) উড়ান চলাকালীন উন্নত পরিষেবা : যাত্রার সময় যাতে পর্যাপ্ত খাবার, পানীয় জল এবং বিশেষ খাবারের ব্যবস্থা থাকে, বিমান সংস্থাগুলিকে তা সুনিশ্চিত করতে হবে।

(৩) চিকিৎসা সংক্রান্ত প্রস্তুতি : যাত্রার সময় আকাশপথে পর্যাপ্ত চিকিৎসা ব্যবস্থা থাকতে হবে। যেসব বিমানবন্দরে প্রযুক্তিগত বিরতি নিতে হবে, সেইসব জায়গাতেও জরুরি চিকিৎসা পরিষেবার ব্যবস্থা রাখতে হবে।

(৪) গ্রাহক সহায়তা প্রস্তুতি : যাত্রায় বিলম্বের জন্য কোনো ক্ষতি হলে, অন্য বিমান ধরতে না পারলে যাত্রীদের প্রয়োজনীয় সহায়তা অথবা ক্ষতিপূরণ দিতে হবে। এজন্য বিমান সংস্থাগুলির কল সেন্টার এবং গ্রাহক পরিষেবা দলগুলিকে প্রস্তুত থাকতে বলা হয়েছে।

(৫) যাত্রাকালীন সমন্বয় : বিমান পরিবহণ, গ্রাহক পরিষেবা, বিমানবন্দর ব্যবস্থাপনা, আকাশপথের পরিষেবা এবং চিকিৎসা সম্পর্কিত ব্যবস্থার মধ্যে নিশ্ছিদ্র সমন্বয় রাখতে হবে।

প্রতিটি বিমান সংস্থাকেই বাধ্যতামূলকভাবে এই নির্দেশিকা মেনে চলতে হবে। এই নির্দেশিকা লঙ্ঘন করলে আইনি ব্যবস্থা নেওয়া হবে। এই নির্দেশিকা অবিলম্বে কার্যকর করা হচ্ছে। পরবর্তী বিজ্ঞপ্তি জারি না করা পর্যন্ত এটি বলবৎ থাকবে।

# কোজাগরী লক্ষ্মী পূজা সঠিকভাবে পালন করলে বহু ফল পাওয়া যায় মানব জীবনে



মৃত্যুঞ্জয় সরদার
(একাদশ পর্ব)



যশ-খ্যাতি, ধনসম্পদ ও সৌন্দর্য প্রদান করেন। অন্যদিকে শ্রী-সূক্তে ঋষি কর্দম দেবীকে যেসব শব্দে সম্বোধন করেছেন, তা হল- আর্দ্রা, গজশুণ্ডাগ্রবতী, পুষ্টিরূপা, পিঙ্গলবর্ণা, পদ্মমালিনী, চন্দ্রাভা, হিরণ্ময়ী, ষষ্টিহস্তা, সুবর্ণা, হেমমালিনী, সূর্যাভা প্রভৃতি। কোন কোন পুরাণ মতে লক্ষ্মী দেবী (শ্রী) হলেন ভৃগুকন্যা। ভাগবত্ পুরাণ, বিষ্ণু পুরাণ ও ব্রহ্মা- পুরাণে বলা হয়েছে, ভৃগুপত্নি খ্যাতির গর্ভে শ্রী দেবীর জন্ম। শতপথ ব্রাহ্মণে অবশ্য বলা হয়েছে, শ্রীদেবী প্রজাপতি (ব্রহ্মা) হতে উৎপন্ন হয়েছেন এবং তিনি ধন, সৌন্দর্য ও সৌভাগ্য প্রদান

ক্রমশঃ

**(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)**

(৩ পাতার পর)

# কেন্দ্রীয় বস্ত্রমন্ত্রী শ্রী গিরিরাজ সিং আজ কলকাতার জুট হাউসে সংস্কারকৃত নতুন হলের উদ্বোধন করলেন

উঠে আসে আজকের আলোচনায়।

শ্রী সিং মঞ্চে উপস্থিত অতিথিদের সম্মান জানিয়ে তাঁদের নিজেদের স্বার্থে একযোগে কাজ করার আহ্বান জানান, কারণ কৃষকরা সমৃদ্ধ হলেই একটি দেশ এগিয়ে যায়। তিনি আরও বলেন, কৃষক তথা দেশের স্বার্থে সকলকে স্বচ্ছতার সঙ্গে কাজ করতে হবে। তিনি জুট বেলার্স অ্যাসোসিয়েশনের সদস্যদের দীর্ঘদিনের দাবিগুলির বিষয়ে আশ্বস্ত করে বলেন, সেগুলি অবশ্যই পূরণ করা হবে। তিনি রাজ্যে পাট শিল্প, চাষাবাদ এবং পাটজাত পণ্য উৎপাদনের সমস্যা সমাধানে রাজ্য সরকারকে কেন্দ্রীয় সরকারের সঙ্গে একযোগে কাজ করার-ও আহ্বান জানান।

অনুষ্ঠানে জুট বেলার্স এসোসিয়েশনের ৭৫ বছরের বেশি বয়সী সদস্যদের সম্মান জানানো হয়। অনুষ্ঠান শেষে স্থানীয় পাটচাষিরা কেন্দ্রীয় মন্ত্রীকে সম্মান জানানোর সুযোগ পান।

কেন্দ্রীয় বস্ত্র মন্ত্রকের যুগ্ম সচিব (ফাইবার) শ্রীমতী পদ্মিনী সিংলা এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। জাতীয় জুট বোর্ডের সচিব শ্রী শশীভূষণ সিং, জুট কর্পোরেশন অফ ইন্ডিয়া লিমিটেডের এমডি শ্রী অজয় কুমার জলি, জুট কমিশনার শ্রী মলয় চন্দন চক্রবর্তী, জুট বেলার্স অ্যাসোসিয়েশনের চেয়ারম্যান শ্রী মদন গোপাল তোশনিওয়াল, বিহার সরকারের প্রাক্তন রাজস্ব ও ভূমি সংস্কার মন্ত্রী ডঃ দিলীপ কুমার জয়সওয়াল, শ্রী নীরজ কুলহারি, ডেপুটি জুট কমিশনার, শ্রী সুশীল পোদ্দার, সিডব্লিউবিটিএ-র সভাপতি, শ্রী ললিত কুমার গুপ্তা, কটন কমিশনার, এস রবি গান্ধী, বিএসএফ-এর এডিজি অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

# ন্যায় কর্মফলদাতা শনিদেব



-: মৃত্যুঞ্জয় সরদার :-

সাধারনত শনিদেবের মন্দিরে অথবা গৃহের বাইরে খোলা জায়গায় শনিদেবের পূজা হয়। নীল বা কৃষ্ণগ বর্ণের ঘট, পুষ্প, বস্ত্র, লৌহ, মাষ কলাই , কালো তিল, দুগ্ধ, গঙ্গাজল, সরষের তেল প্রভৃতি বস্তু শনিদেবের ব্রতের জন্য আবশ্যিক।

ক্রমশঃ

• সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

# সিপিআইএমের বড় সিদ্ধান্ত: প্রাক্তন সাংসদ বংশগোপাল চৌধুরী বহিষ্কৃত, সোশ্যাল মিডিয়ায় অশালীন বার্তার অভিযোগ

বেবি চক্রবর্তী : কলকাতা



সামাজিক মাধ্যমে অশালীন বার্তা পাঠানোর অভিযোগে কড়া পদক্ষেপ নিল সিপিআইএম। প্রাক্তন সাংসদ বংশগোপাল চৌধুরীকে দল থেকে বহিষ্কার করার সিদ্ধান্ত জানালো রাজ্য বাম নেতৃত্ব। দলের এক মহিলা নেত্রীকে উদ্দেশ্য করে কুরুচিকর বার্তা পাঠানোর অভিযোগের ভিত্তিতে এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে বলে দলীয় সূত্রে খবর।

সূত্রের খবর অনুযায়ী, প্রথমে বিষয়টি দলীয় স্তরে আলোচনার মাধ্যমে খতিয়ে দেখা হয়। অভিযোগের সত্যতা যাচাই করার পরই প্রাক্তন সাংসদের বিরুদ্ধে কঠোর পদক্ষেপ নেয় সিপিআইএম। যদিও এখনও পর্যন্ত আনুষ্ঠানিকভাবে কোনও লিখিত বিবৃতি প্রকাশ করা হয়নি, তবে জেলা ও রাজ্য নেতৃত্বকে বহিষ্কারের সিদ্ধান্ত জানানো হয়েছে বলে জানা গিয়েছে।

ঘটনার সূত্রপাত সোশ্যাল মিডিয়ায়। দলের এক মহিলা নেত্রীর ইনবক্সে বংশগোপাল চৌধুরীর পাঠানো একটি অশালীন বার্তা ভাইরাল হয়ে পড়ে। দ্রুত ঘটনাটি রাজ্য সিপিআইএম নেতৃত্বের নজরে আসে। এরপরই অভিযোগের তদন্ত শুরু হয় এবং দোষ প্রমাণিত হওয়ায় বহিষ্কারের সিদ্ধান্ত কার্যকর হয়।

সিপিআইএম-এর এক শীর্ষ নেতা জানান, "দল কোনও রকম অনৈতিক আচরণ বরদাস্ত করে না। নৈতিকতার প্রশ্নে সিপিআইএম বরাবরই কঠোর। অভিযোগ প্রমাণিত হওয়ায় উপযুক্ত ব্যবস্থা নেওয়া হয়েছে।"

প্রসঙ্গত, বংশগোপাল চৌধুরী দীর্ঘদিন পশ্চিম বর্ধমান জেলার রাজনীতিতে সক্রিয় ছিলেন এবং আসানসোল লোকসভা কেন্দ্র থেকে একাধিকবার সাংসদ নির্বাচিত হন। তবে সাম্প্রতিক বছরগুলিতে তিনি কেন্দ্রীয় রাজনীতিতে ততটা সক্রিয় ছিলেন না।

এই ঘটনার জেরে সিপিআইএমের অন্দরমহল থেকে শুরু করে রাজ্য রাজনীতিতে তীব্র প্রতিক্রিয়া শুরু হয়েছে। বিরোধী রাজনৈতিক দলগুলি ইতিমধ্যেই দলীয় শৃঙ্খলার প্রশ্ন তুলে কটাক্ষ শুরু করেছে। সাধারণ কর্মীদের মধ্যেও ক্ষোভের সঞ্চার হয়েছে। সোশ্যাল মিডিয়ায় ভাইরাল হওয়া স্ক্রিনশটগুলি পরিস্থিতিকে আরও জটিল করে তুলেছে। রাজনৈতিক বিশ্লেষকরা মনে করছেন, এই ঘটনার ফলে দলের ভাবমূর্তি কিছুটা হলেও ধাক্কা খেতে পারে।এখন সকলের নজর সিপিআইএমের পরবর্তী পদক্ষেপের দিকে।

## দক্ষিণ ২৪ পরগনার ভগবতপুর কুমির প্রকল্প সেজে উঠেছে নতুন সাজে



স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন

**দক্ষিণ ২৪ পরগনার:-** সুন্দরবন মানেই জলে কুমির ডাঙায় বাঘ। আর সেই কুমিরের অধিকাংশ চাষ হয় এই কুমির প্রকল্পে। এই গরমে পরিবারের সঙ্গে কিছুটা সময় কাটাতে চান। সেই সঙ্গে জঙ্গল ও পাখি দেখার আনন্দ উপভোগ করতে চান। তাহলে ঘুরে আসুন ভগবতপুর কুমির প্রকল্পে। ভগবতপুর কুমির প্রকল্পের প্রথম সূচনা হয় ১৯৭৬ সালে। প্রথমে কুমীরের ডিম সংগ্রহ করা হয়েছিল। এরপর সেখানে কৃত্রিম উপায়ে ডিম ফুটিয়ে কুমির উৎপাদন করা হয়। তবে এই গরমে দুপুর বেলা আপনি কুমির নাও দেখতে পারেন। গরমের সময় কুমির জলের তলায় থাকতে ভালবাসে। তবে বিকালে কুমির অবশ্যই দেখতে পাবেন।

বর্তমানে এই কুমির প্রকল্প থেকে কুমির উৎপাদন করে সুন্দরবনের একাধিক নোনাজলের নদী ও খাঁড়িতে ছাড়া হয়। সারাবছরই এই কুমির দেখতে সেখানে পর্যটকরা ভিড় করেন। এই কুমির প্রকল্পে আপনি জীবন্ত কুমির ছাড়াও দেখতে পাবেন, সংরক্ষিত মৃত কুমির, কুমিরের ডিম, বিভিন্ন পরিযায়ী পাখি, সুন্দরবনের একাধিক ম্যানগ্রোভ উদ্ভিদ। বর্তমানে কুমির প্রকল্প সংলগ্ন এলাকায় একাধিক খাবার দোকান তৈরী হয়েছে। তবে এই কুমির প্রকল্পে আপনি থাকতে পারবেনা। কুমির প্রকল্প দেখে ফিরে আসতে হবে আপনাকে।

## আপাতকালীন পরিষেবা তালিকাসূচী

**Emergency Contacts**
Ambulance - 102
Ambulance (Randhumahal Club) - 9735697689
Child Line – 112
Canning PS - 03218-255221
FIRE - 9064495235

**Contacts of Hospital, Nursing Home & Doctors**
Canning S.D Hospital - 03218-255352
Dipanjan Nursing Home - 03218-255691
Green View Nursing Home - 03218-255550
A.K.Moolal Nursing Home - 03218-315247
Binapani Nursing Home - 9732545652
Nazat Nursing Home, Taldi - 9143032199
Welcome Nursing Home - 9733593488
Dr. Bikash Sapui - 03218-255269
Dr. Biren Mondal - 03218-255247
Dr Arun Dulal Paul - 03218 - (Cham) 253219, (Re) 255548
Dr. Phani Bhusan Das - 03218 - 255364, (Cham) 255264
Dr. A.K. Bhartacherjee - 03218-255518
Dr. Lokenath Sa - 03218-255660

**Administrative Contacts**
SP Office - 033-24330010
SDO Office - 03218-255340
SDPO Office - 03218-285398
BDO Office - 03218-255205

**Contacts of Railway Stations & Banks**
Canning Railway Station - 03218-255275
SBI (Canning Town) - 03218-255216,255218
PNB (Canning Town) - 03218-255231
Mahila Co-operative Bank - 03218-255134
WB State Co-operative - 03218-255239
Bandhan Bank - Mob. No. 7596012991
Axix Bank - 03218-255352
Bank of Boroda, Canning - 03218-257888
ICICI Bank, Canning - 03218-255206
HDFC Bank, Canning Hos. More - 9088107808
Bank of India, Canning - 03218 - 245091

## রাত্রিকালীন ঔষধ পরিষেবার তালিকাসূচী (ক্যানিং)

প্রতি মাসের এই তারিখে এই সমস্ত দোকান খোলা থাকবে

| | | | | | |
|---|---|---|---|---|---|
| 01 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি | 02 ভারত মেডিকেল হল | 03 সপ্না মেডিকেল হল | 04 ভারত মেডিক্যাল হল | 05 ঘোষ মেডিকেল | 06 ঔষধ ঘর |
| 07 আরোগ্য মেডিক্যাল | 08 মেডিকেয়ার ফার্মেসী | 09 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি | 10 জীবন জ্যোতি ফার্মেসী | 11 সিনহা মেডিকেল হল | 12 গোকুল ফার্মেসী |
| 13 ঔষধ ঘর | 14 সৌভিক ফার্মেসি | 15 নির্মলা মেডিকেল হল | 16 মাতৃ ফার্মেসী | 17 ইউনিক ফার্মেসী | 18 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি |
| 19 ঘোষ মেডিকেল | 20 সৌভিক ফার্মেসি | 21 আরোগ্য মেডিকেল | 22 মেডিকেয়ার ফার্মেসী | 23 শোভা মেডিকেল হল | 24 প্রমিলা মেডিকেল কর্নার |
| 25 সিনহা মেডিকেল হল | 26 ঘোষ মেডিকেল | 27 মাতৃ ফার্মেসী | 28 সৌভিক ফার্মেসি | 29 নির্মলা মেডিকেল হল | 30 মাতৃ ফার্মেসী |



# আবারও কাশ্মীর সীমান্তে ভারত-পাকিস্তানের সেনাদের গোলাগুলি

**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন**



জম্মু-কাশ্মীরের পহেলগামে ভয়াবহ হামলার জেরে ভারত ও পাকিস্তানের মধ্যে উত্তেজনা বেড়েই চলেছে। কাশ্মীর সীমান্তে নিয়ন্ত্রণ রেখায় (এলওসি) বরাবর তৃতীয় দিনের মতো গতকাল শনিবার দিবাগত রাতেও দুই দেশের সেনাদের মধ্যে পাল্টাপাল্টি গোলাগুলির ঘটনা ঘটেছে।

রবিবার একাধিক ভারতীয় সংবাদমাধ্যমের প্রতিবেদনে এ তথ্য জানানো হয়েছে। এনডিটিভির প্রতিবেদনে বলা হয়, শনিবার গভীর রাতে ভারত নিয়ন্ত্রিত কাশ্মীরের তুতমারি গলি ও রামপুর সেক্টরের বিপরীত দিকে দুই পক্ষের সেনাদের মধ্যে ব্যাপক গোলাগুলির ঘটনা ঘটে।

বলা হয়, এ নিয়ে পর পর তিন রাত ভারত-পাকিস্তান সীমান্তে সেনাদের মধ্যে গোলাগুলির ঘটনা ঘটল। এর আগে শুক্রবার ও বৃহস্পতিবার রাতে নিয়ন্ত্রণরেখায় দুই দেশের সেনাদের মধ্যে গুলি বিনিময় ঘটে।

যদিও এসব গোলাগুলির ঘটনা নিয়ে পাকিস্তানের কোনো মন্তব্য পাওয়া যায়নি। ভারতীয় সেনাবাহিনীর দাবি, পাকিস্তানি সেনারা বিনা উসকানিতে গুলি চালিয়েছে। ভারতের সেনাবাহিনী পাল্টা জবাব দিলেও এসব ঘটনায় হতাহতের কোনো খবর পাওয়া যায়নি।

উল্লেখ্য, ভারত-নিয়ন্ত্রিত কাশ্মীরে গত ২২ এপ্রিল বন্দুকধারীদের ভয়াবহ হামলায় ২৬ জন নিহতের ঘটনা এবং পাল্টাপাল্টি অভিযোগের ফলে পাকিস্তান ও ভারতের সম্পর্ক ফের তলানিতে পৌঁছেছে। এর জেরে পাল্টপাল্টি পদক্ষেপে উত্তেজনা কার্যত চরমে পৌঁছেছে। এর মধ্যেই কাশ্মীর সীমান্তে দুই দেশের সেনাদের মধ্যে ফের গোলাগুলির ঘটনা ঘটলো।

# ঝাড়গ্রামে পথ কুকুর দের টিকাদান ও বন্ধ্যাকরণ কর্মসূচির আয়োজন

**অরূপ ঘোষ, ঝাড়গ্রাম**

রবিবার ঝাড়গ্রাম শহরে ঝাড়গ্রাম অ্যানিমেল লাভার্স অ্যাসোসিয়েশন এবং ওয়েস্ট বেঙ্গল ভেটেরিনারি অ্যালামনি অ্যাসোসিয়েশন, ঝাড়গ্রাম ইউনিট-এর যৌথ উদ্যোগে পথ কুকুর দের টিকাদান ও বন্ধ্যাকরণ কর্মসূচির আয়োজন করা হয়। ঝাড়গ্রাম পৌরসভার ১০ নম্বর ওয়ার্ডের ঘোড়াধরা এলাকা থেকে পথ কুকুরদের জলাতঙ্কের টিকাদান কর্মসূচি শুরু হয়। সেইসঙ্গে পথও কুকুরদের জলাতঙ্কের টিকাদান কর্মসূচির পর শুরু হয়

বন্ধ্যাকরণ কর্মসূচি হয় বাচুরডোবা পশু চিকিৎসালয়ে। রবিবার ওই কর্মসূচিতে উপস্থিত ছিলেন ঝাড়গ্রাম জেলার জেলাশাসক সুনীল কুমার আগরওয়াল ও ঝাড়গ্রাম পৌরসভার চেয়ারপার্সন কবিতা ঘোষ সহ আরো অনেকে। ঝাড়গ্রাম অ্যানিম্যাল লাভার্স অ্যাসোসিনের সহ-সম্পাদক স্বর্ণকমল মাইতি বলেন,

সকল সদস্যদের সক্রিয়ভাবে কর্মসূচিতে অংশগ্রহণের জন্য সর্বাধিক সংখ্যক কুকুরের জলাতঙ্কের টিকাদান ও বন্ধ্যাকরণ করা সম্ভব হয়েছে এবং এই মহৎ উদ্যোগটি সফলভাবে বাস্তবায়িত হয়েসে। আগামী দিনেও তাদের এই উদ্যোগ অব্যাহত থাকবে বলে তিনি আনান। সেই সঙ্গে তিনি বলেন আসুন, সকলে মিলে পশু কল্যাণে একযোগে কাজ করি। ওই কর্মসূচিতে উপস্থিত হয়ে ঝাড়গ্রাম জেলার জেলাশাসক সুনীল আগারওয়াল পথ কুকুরের টিকাকরণ ও বন্ধাকরণ কর্মসূচির আয়োজন করার জন্য আয়োজক দুটি সংগঠন এর সদস্যদের তিনি ধন্যবাদ ও শুভেচ্ছা জানান এবং ওই দুটি সংগঠনের এই উদ্যোগ মহৎ উদ্যোগ বলেও তিনি জানান। এছাড়াও তিনি জানান, কুকুরদের জলাতঙ্কের টিকাকরনের জেরে কুকুর নিয়ে সাধারণ মানুষের মধ্যে যে আতঙ্ক থাকে তা অনেকটা কমবে।

# ইরানে ভয়াবহ বিস্ফোরণের ঘটনায় সমবেদনা জানিয়ে যা বললেন পুতিন

**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন**



ইরানের বৃহত্তম বাণিজ্যিক বন্দর শহিদ রেজায়ী পোর্টে ভয়াবহ এক বিস্ফোরণে নিহতের সংখ্যা বেড়ে ২৫ জনে পৌঁছেছে। শনিবারের এ ঘটনায় অন্তত ৮০০ জন আহত হয়েছেন। রবিবার দেশটির রাষ্ট্রীয় গণমাধ্যম এ তথ্য নিশ্চিত করেছে। খবর আল-জাজিরার।

এ ঘটনায় সমবেদনা জানিয়েছেন রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন। বার্তা সংস্থা তাস জানিয়েছে, সর্বোচ্চ নেতা আয়াতুল্লাহ আলি খামেনি এবং প্রেসিডেন্ট মাসুদ পেজেশকিয়ানের প্রতি ক্রেমলিনের ওয়েবসাইটে প্রকাশিত টেলিগ্রাম বার্তায় বলা হয়েছে, ট্র্যাজেডি-পরবর্তী ক্ষতি দূর করতে মস্কো সহায়তার জন্য প্রস্তুত।

এতে বলা হয়েছে, শহিদ রেজায়ী পোর্টে বিস্ফোরণে প্রাণহানি এবং ব্যাপক ধ্বংসযজ্ঞের জন্য আমরা গভীর সমবেদনা প্রকাশ করছি। নিহতদের পরিবারের প্রতি আমার আন্তরিক সহানুভূতি ও সমর্থন রয়েছে। পাশাপাশি আহতদের দ্রুত আরোগ্য কামনা করেছেন রুশ প্রেসিডেন্ট।

এদিকে, এখনো বিস্ফোরণের কারণ আনুষ্ঠানিকভাবে ঘোষণা করা হয়নি। পৃথক প্রতিবেদনে আল জাজিরা জানিয়েছে, গতকাল বিস্ফোরণের পরপরই অনেকে ধারণা করতে থাকেন, সেখানে নাশকতার ঘটনা ঘটতে পারে। তবে দেশটির জাতীয় দুর্যোগ ব্যবস্থাপনার মুখপাত্র হোসেন জাফারি জানিয়েছেন, নাশকতার আলামত পাওয়া যায়নি।

জাফারি বলেন, কনটেইনারের ভেতর থাকা রাসায়নিক বস্তুর কারণে বিস্ফোরণের ঘটনা ঘটেছে। বিস্ফোরণ নিয়ে অনেক গুজব ছড়ানো হচ্ছে। সেগুলোতে বিশ্বাস না করে সরকারি তথ্যের জন্য সবাইকে অপেক্ষার আহ্বান জানিয়েছেন এ কর্মকর্তা।

# সিনেমার খবর

## রণবীরের সঙ্গে বিচ্ছেদের কারণ জানালেন ক্যাটরিনা

স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন



দীর্ঘ পাঁচ বছর সম্পর্কে ছিলেন রণবীর কাপুর ও ক্যাটরিনা কাইফ। তবে বিচ্ছেদ বেশ তিক্ততাই ছিল। তবে ক্যাটরিনা নাকি আগেই বুঝতে পেরেছিলেন, রণবীর তাকে আসলে ভালোবাসেন না।

ভারতীয় গণমাধ্যমের এক প্রতিবেদনে বলা হয়, কিছু ক্ষেত্রে প্রাক্তন প্রেমিককে ভয়ও পেতেন অভিনেত্রী। সাক্ষাৎকারে ক্যাটরিনা জানিয়েছিলেন, ঠিক কোন বিষয়টিকে ভয় পেতেন তিনি। তিনি জানিয়েছিলেন, বিয়ের মণ্ডপে কনের বেশে পৌঁছে যাওয়ার পরেও তার মনে প্রশ্ন থেকে যেত, ‘আদৌ কি রণবীর তাকে ভালোবাসেন?’

ক্যাটরিনা বলেছিলেন, ‘আমার একটা বিষয় নিয়ে খুব ভয় ছিল। আমি ভাবতাম, এমন যদি হয়, আমি বিয়ের মণ্ডপে বরমালা নিয়ে দাঁড়িয়ে রয়েছি। কিন্তু বুঝতে পারছি ও (রণবীর) আমাকে ভালোবাসে না।’

রণবীর নিজের সিদ্ধান্ত নিয়ে সেই ভাবে নিশ্চিত ছিলেন না। ক্যাটরিনার কথায়, ‘ও নিজের মনকেই ভালো করে চেনে না হয়তো। তাহলে প্রতিশ্রুতি কীভাবে দেবে? একদিন আমার হৃদয় ঠিক ভেঙে যাবে, এই ভাবনার ভয় আমার উপর জেঁকে বসেছিল।’

ক্যাটরিনা জানিয়েছিলেন, তিনি রণবীরের পরিবারের ঘনিষ্ঠ হতে চান। কিন্তু হয়ে উঠতে পারেননি। অভিনেত্রী বলেন, ‘আমি রণবীরের পরিবারের খুব কাছের নই। তবে আমি হতে চাই। ওদের সঙ্গে আমি বেশি করে মিশতে চাই। বিয়ে করার অন্যতম কারণ হলো পরিবার। আমি খুবই প্রতিক্রিয়াশীল মানুষ। আমি যা চাই, তা যদি আমাকে আমার সঙ্গী দেয়, তাহলে আমি সেরা প্রেমিকা হয়ে উঠতে পারি।’

## কখনো শাহরুখের সঙ্গে প্রেম করতেন? যা বললেন কাজল

স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন



বলিউডের অন্যতম জনপ্রিয় জুটি শাহরুখ-কাজল। অসংখ্য সিনেমায় একসঙ্গে জুটি বেঁধে কাজ করেছেন দু’জন। তাদের সিনেমা বক্স অফিসে যেমন হিট, তেমনই দর্শকদের মনেও বিশেষ জায়গা করে নিয়েছে বছরের পর বছর।

রিল লাইফে অন্যতম সেরা জুটি হলেও বাস্তবে তাদের দু’জনেরই মনের মানুষ রয়েছে। কিন্তু তারা কী কখনও একে অপরের সঙ্গে সম্পর্কে আসতে চেয়েছিলেন? এক সাক্ষাৎকারে এই প্রশ্নের উত্তর দিয়েছিলেন শাহরুখ-কাজল।

শাহরুখ খান ও কাজলকে প্রশ্ন করা হয়েছিল, তারা যদি অন্য কোনও সম্পর্কে না থাকতেন তাহলে কী একে অপরকে ডেট করতেন?

এর উত্তরে কাজল বলেন, ‘আমি সত্যিই বলতে পারব না। কারণ বাজিগার সিনেমার শুটিংয়ের সময়েই আমি অজয়ের সঙ্গে সম্পর্ক ছিলাম।’

ঠিক একইসময়ে কাজলের দিকে তাকিয়ে হাসিমুখে শাহরুখ বলেন, ‘হ্যাঁ, আমিও ওই সময়ে অজয়ের সঙ্গে সম্পর্কে ছিলাম!’ যা শুনে উপস্থিত দর্শকদের মধ্যে হাসির রোল পড়ে যায়।

অবশ্য ভক্তদের মতে, কিং খান বলে কথা, এত সহজে কী আর ‘আসল সত্যটা’ বলবেন।

বলিউডে আসার আগেই গৌরী খানকে বিয়ে করেছিলেন শাহরুখ। অন্যদিকে বেশ কয়েক বছরের সম্পর্কের পর ১৯৯৯ সালে বিবাহ বন্ধনে আবদ্ধ হন কাজল ও অজয় দেবগণ।

শাহরুখ খান ও কাজলের পরিচয় হয়েছিল ‘বাজিগার’ সিনেমার সেটে। বিপুল জনপ্রিয়তা অর্জন করেছিল এই ছবি। এরপর ‘দিলওয়ালে দুলহানিয়া লে যায়েঙ্গে’, ‘কুছ কুছ হোতা হে’, ‘কাভি খুশি কাভি গাম’, ‘মাই নেম ইজ খান’, একের পর এক সিনেমা দর্শকদের উপহার দিয়েছে এই জুটি।

## মাদকাসক্ত অভিনেতার হয়রানির বিবরণ দিলেন অভিনেত্রী



স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন

গেল বছর মালায়লাম চলচ্চিত্র ইন্ডাস্ট্রিতে যখন যৌন হেনস্তা ও মাদক সেবনের মত গুরুতর বিষয় একের পর এক সামনে আসা শুরু হয়েছিল সেসময় প্রতিবাদী কণ্ঠ ছিলেন মালায়লাম অভিনেত্রী ভিন্সি অ্যালোশিয়াস। সেসময় ভিন্সি জানান, তিনি মাদক সেবন করে এমন কোনও অভিনেতাদের সঙ্গে কাজ করবেন না। তার এই মন্তব্য প্রকাশ্যে আসতেই ওঠে বিতর্কের ঝড়। খানিকটা হেনস্তার শিকারও হতে হয় অভিনেত্রীকে।

অবশেষে সেই মন্তব্যে কারণ নিয়ে মুখ খুললেন নায়িকা। জানালেন, কীভাবে এক মাদকাসক্ত সহ-অভিনেতা একটা সেটে তার সঙ্গে দুর্ব্যবহার করেছিলেন।

ইনস্টাগ্রামে একটি ভিডিও শেয়ার করে ভিন্সি বলেন, কয়েকদিন আগে, একটি মাদকবিরোধী প্রচারণা অনুষ্ঠানে বলেছিলাম। আমি আমার পরিচিত যারা মাদকসেবন করেন তাদের সঙ্গে আর সিনেমা করব না- এই মন্তব্যের পর বেশ কিছু মন্তব্য আমার দিকে ছুঁড়ে দেওয়া হয়েছিল। তখন মনে হয়েছিল আমি কেন এমন কথা বলছি তা, সকলের কাছে স্পষ্ট করা উচিত।

এই অভিনেত্রী বলেন, ‘আমি এমন একটা ছবিতে কাজ করছিলাম যেখানে একজন প্রধান চরিত্রের অভিনেতা মাদক সেবন করতেন। শুধু তাই নয়, বাজে আচরণও করতেন। আমার পোশাক নিয়ে তার সমস্যা ছিল। হঠাৎ সবার সামনে আমায় বলেন, পোশাক ঠিক করতে হবে। মাদকের নেশা এতটাই ছিল যে তিনি জোর করে আমার পোশাক ঠিক করতেও এগিয়ে আসেন।

ভিন্সির কথায়, ‘একটি দৃশ্যের মহড়ার সময় তার মুখ থেকে সাদা কিছু টেবিলের উপর পড়ে। সবটা থেকে বোঝা যাচ্ছিল তিনি সেটেও মাদক সেবন করছিলেন। এতে শুধু আমি নয়, সেটে থাকা সকলেই বেশ বিরক্তি হয়েছিলেন। ব্যক্তিগত জীবনে মাদক ব্যবহার করা একটা অন্য বিষয়। সেটা যার যার ব্যক্তিগত বিষয়। কিন্তু যখন এটা আপনার কাজের পরিবেশকে প্রভাবিত করে, তখন সেটা মোটেও গ্রহণযোগ্য নয়।’

ভিন্সির ভাষ্য, ‘আমি এভাবে কাজ করতে চাই না। ওই অভিনেতার ব্যাপারটা সবাই জানতেন, পরিচালক তার সঙ্গে কথাও বলেন। কিন্তু কোনও লাভ হয়নি।’

# পন্থের ব্যর্থতা জারি, ওয়াংখেড়েতে বিরাট বদলা মুম্বই ইন্ডিয়ান্সের

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**



আরও একটা ম্যাচ, ফের হতাশা। ব্যাটার ঋষভ পন্থের পরিস্থিতিটা এখন এমনই। ঘরে-বাইরে কোথাও স্বস্তি নেই। এ বারের আইপিএলে একটা মাত্র হাফসেঞ্চুরির ইনিংস। ব্যাটিং পজিশন নিয়ে সমালোচনা। আবারও সিঙ্গল ডিজিট স্কোর। শট সিলেকশন নিয়েও প্রশ্ন তোলার জায়গা করে দিলেন ঋষভ পন্থ। লখনউ সুপার জায়ান্টসের বিরুদ্ধে বদলা পূর্ণ মুম্বই ইন্ডিয়ান্সের। টানা পাঁচ ম্যাচে জয়ও। ওয়াংখেড়েতে দুর্দান্ত পারফরম্যান্স মুম্বই ইন্ডিয়ান্সে। একাধিক প্লেয়ারের মাইলস্টোন। ওয়াংখেড়েতে ৫৪ রানের বিশাল ব্যবধানে লখনউ সুপার জায়ান্টসকে হারাল মুম্বই ইন্ডিয়ান্স।

ইন্ডিয়ান প্রিমিয়ার লিগে এই সপ্তাহটাকেই বলা হচ্ছে বদলার। লখনউয়ের একানা স্টেডিয়ামে প্রথম রাউন্ডের ম্যাচে মুখোমুখি হয়েছিল দু-দল। জেতার মতো পরিস্থিতিতে ছিল মুম্বই ইন্ডিয়ান্স। যদিও রুদ্ধশ্বাস শেষ ওভার। ১২ রানের জয় ছিনিয়ে নিয়েছিল লখনউ। বদলার ম্যাচে টস হার হার্দিকের। রান তাড়ার সিদ্ধান্ত নেন ঋষভ পন্থ। দিনের ম্যাচ। হয়তো ভেবেছিলেন যে কোনও রানই তাড়া করা সম্ভব। আইপিএলে প্রত্যাবর্তন ম্যাচে মায়াঙ্ক যাদব ফর্মে থাকা রোহিতকে ফিরিয়ে আরও স্বস্তি দেন। কিন্তু রায়েন রিকলটন, সূর্যকুমার যাদবের হাফসেঞ্চুরি এবং শেষ দিকে নমন ধির ও করবিন বশের ক্যামিও ইনিংসে ৭ উইকেটে ২১৫ রানের বিশাল স্কোর মুম্বই ইন্ডিয়ান্সের।

রান তাড়ায় লখনউকে স্বস্তিতে থাকতে দেননি মুম্বই বোলাররা। ফিল্ডিংও দুর্দান্ত। এইডেন মার্কর‍্যামকে ফেরান বুমরা। ইনিংসের সপ্তম ওভারে নিকোলাস পুরান ও ঋষভ পন্থ, দুই বাঁ হাতি ব্যাটার পার্টটাইম অফস্পিনার উইল জ্যাকসের ঝুলিতে। ক্রিজে এসে বাউন্ডারি মেরে খাতা খোলেন পন্থ। দ্বিতীয় ডেলিভারিতে রিভার্স সুইপে ক্যাচ দিয়ে ফেরেন। আয়ুষ বাদোনি গত কয়েক ম্যাচের মতোই রান করেন। কিন্তু ২০ ওভারে ১৬১ রানেই অলআউট লখনউ। মুম্বই বোলারদের মধ্যে জসপ্রীত বুমরার ৪ উইকেট। যার বেশির ভাগই স্লগ ওভারে। এ ছাড়াও ট্রেন্ট বোল্ট ৩টি ও উইল জ্যাকস দুটি উইকেট নেন।

# এক বছর নিষিদ্ধ ইংলিশ ক্রিকেটার



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

ইংল্যান্ডের ঘরোয়া প্রতিযোগিতায় দীর্ঘ সময় ধরে খেললেও আন্তর্জাতিক ক্রিকেট ক্যারিয়ার গড়ার সুযোগই হয়নি কেইথ বার্কারের। এরইমধ্যে ২০২৪ সালের জুলাইতে তার বিরুদ্ধে নিষিদ্ধ ওষুধ সেবনের অভিযোগ ওঠে। যার ভিত্তিতে বার্কারকে বুধবার সব ধরনের ক্রিকেট থেকে ১২ মাসের জন্য নিষিদ্ধ করেছে ইংল্যান্ড এন্ড ওয়েলস ক্রিকেট বোর্ড (ইসিবি)।

এর আগেও ২০২৪ সালে মে মাসে একটি ডোপ টেস্টে পজিটিভ ফল আসায় প্রাথমিকভাবে নিষিদ্ধ হয়েছিলেন বার্কার। এর আগে ৫ মার্চ তিনি ইসিবির অ্যান্টি-ডোপিং নীতিমালার দুটি নিয়ম ভাঙার কথাও স্বীকার করেন। এরপর ৪ জুলাই থেকে ফের ক্রিকেটে ফেরেন এই পেসার। বিশ্ব অ্যান্টি-ডোপিং এজেন্সির (ওয়াডা) নিষেধাজ্ঞার তালিকায় থাকা ওষুধ উচ্চ রক্তচাপের চিকিৎসার অংশ হিসেবে সেবন করেছিলেন। দীর্ঘ চিকিৎসার অংশ হিসেবে এটি অবশ্য অন্য ওষুধের বিকল্প হিসেবে তাকে দেওয়া হয়েছিল। বিষয়টিকে তাই 'প্রশাসনিক ত্রুটি' বলে উল্লেখ করা হয়েছে। একইসঙ্গে বার্কার ইচ্ছাকৃতভাবে অ্যান্টি-ডোপিং নীতিমালা ভাঙেননি বলেও জানিয়েছে রিভিউ প্যানেল। ইংল্যান্ডের জাতীয় অ্যান্টি-ডোপিং প্যানেল জানিয়েছে, এই ধরনের অননুমোদিত দ্রব্য সেবন করায় এই ক্রিকেটারের পারফরম্যান্সেও বিশেষ সুবিধা পাননি। তবে ঠিকই ১২ মাসের নিষেধাজ্ঞার মুখেই পড়তে হচ্ছে বার্কারকে। গত মৌসুমে কাউন্টি চ্যাম্পিয়নশিপে ২৪.৩৭ গড়ে ১৬ উইকেট শিকার করেন এই ইংলিশ পেস অলরাউন্ডার। সবমিলিয়ে তিনি প্রথম শ্রেণির ১৬৭ ম্যাচে ৫৩৩ উইকেট এবং ৫৪৫০ রান করেছেন।

# বাবরকে নিয়ে মন্তব্যের জন্য ক্ষমা চাইলেন পাকিস্তানি পেসার

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**



২০২৩ সালে বাবর আজমকে নিয়ে মন্তব্য করেছিলেন হাসান আলি। সেই মন্তব্যের জন্য দুই বছর পর ক্ষমা চাইলেন তিনি। পাকিস্তান সুপার লিগ (পিএসএল) খেলতে ব্যস্ত এখন এই পেসার। সেই টুর্নামেন্টের মাঝেই ক্ষমা চাইলেন তিনি।

২০২৩ সালের ওয়ানডে বিশ্বকাপের সময় বাবরকে 'কিং' অর্থাৎ রাজা বলে সম্বোধন করেছিলেন হাসান। বলেছিলেন, 'রাজা করে নেবে।' তিনি সম্ভবত বোঝাতে চেয়েছিলেন, বাকিরা রান না পেলেও বাবর ঠিকই রান করবেন। কিন্তু বাবর আর রান পাননি। ধারাবাহিক ভাবে ব্যর্থ হয়েছেন।

এবার পাকিস্তান সুপার লিগের ম্যাচের এক সংবাদ সম্মেলনে সেই বক্তব্যের জন্য ক্ষমা চাইলেন হাসান। তিনি বলেন, 'মানুষ যদি এখন মনে করে 'রাজা করতে পারবে না' বললে বাবর রানে ফিরবে, তা হলে আমি সেটা বলতে রাজি।'

'আগে আমি বলেছিলাম, 'রাজা করে নেবে'। তারপর অনেক কিছু হয়েছিল। মানুষ অনেক কথা বলেছে। কেউ যদি মনে করেন, 'রাজা করে নেবে' বলে আমি ভুল করেছিলাম, তা হলে ক্ষমা চাইছি। কিন্তু আমার বক্তব্য একই থাকবে। বাবর সেরা। ও রানে ফিরবেই। সকলেরই খারাপ সময় আসে।'

পিএসএলে করাচি কিংসের হয়ে খেলছেন হাসান। প্রথম দুই ম্যাচে পাঁচটি উইকেট নিয়েছেন। লাহোর কালান্দার্সের বিপক্ষে নেন চার উইকেট। ব্যাট হাতে দ্বিতীয় ম্যাচে ২৫ বলে ২৭ রানও করেন। যদিও দলকে জেতাতে পারেননি। পয়েন্ট তালিকায় চতুর্থ স্থানে রয়েছে হাসানের দল।

● স্বত্বাধিকারী, প্রকাশক, মুদ্রক : মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ এবং ১৯ডি, জামির লেন, কলকাতা-৭০০০১৯ থেকে ডিজিটাল মুদ্রিত ● সম্পাদক : মৃত্যুঞ্জয় সরদার, ফোন : ৯৫৬৪৩৮২০৩১
● Printed, Published, Owned by MRITYUNJOY SARDAR ● Printed by Queen Press - Hedia, P.O. : Uttar Moukhali,P.S. : Jibantala, Dist. : South 24 Parganas, Pin : 743329 and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 ● Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR